

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৩২তম শাহাদাৎ বার্ষিকীতে রাষ্ট্রপতি ও প্রধান উপদেষ্টার বাণী

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৩২তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে রাষ্ট্রপতি অধ্যাপক ড. ইয়াজউদ্দিন আহম্মেদ ও প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমদ পৃথক পৃথক বাণী দিয়েছেন। বাণীতে রাষ্ট্রপতি ও প্রধান উপদেষ্টা বঙ্গবন্ধুর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানান এবং তার রুহের মাগফেরাত কামনা করেন। খবর তথ্য বিবরণীর।

রাষ্ট্রপতি তার শ্রদ্ধা ও বাণীতে বলেন, ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান’ নামটি বাংলাদেশের জন্য এক অবিস্মরণীয় নাম। স্বাধীন, সার্বভৌম বাংলাদেশকে বিশ্বের দরবারে প্রতিষ্ঠিত করার ক্ষেত্রে এই মহান নেতার অবদান অপরিসীম। জাতি তার অবদানের কথা চিরদিন শ্রদ্ধার সাথে স্মরণ রাখবে। অন্যায়, অত্যাচার ও জুলুমের বিরুদ্ধে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আপোষহীন সংগ্রাম বিশ্বের নির্যাতিত মানুষকে অনুপ্রাণিত করেছে।

এই মহান নেতার শাহাদাৎ বার্ষিকীতে আমি জাতির পক্ষ থেকে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করছি এবং মহান আল্লাহর দরবারে তার বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছি।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৩২তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমেদ তার বাণীতে বলেছেন, বর্তমান সরকার ও আমার পক্ষ থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানাই এবং তাঁর রুহের মাগফেরাত কামনা করি। বাণীতে তিনি বলেন, বাংলাদেশের জাতীয় জীবনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এক চিরস্মরণীয় নাম। জাতির আকাশে দেদীপ্যমান উজ্জ্বল নক্ষত্র। ঔপনিবেশিক ও নব্য-ঔপনিবেশিক শোষণ, অন্যায় ও অনাচারের বিরুদ্ধে তিনি আজীবন আপোষহীন লড়াই করে গেছেন। বিশ্ব মানচিত্রে স্বাধীন বাংলাদেশের আবির্ভাব ও মহান সংগ্রামে তিনি ছিলেন পথিকৃৎ-এক নতুন সার্বভৌম রাষ্ট্রের প্রতিষ্ঠাতা। ন্যায় অধিকার প্রতিষ্ঠার লড়াইয়ে পৃথিবীর সংগ্রামী মানুষের জন্য তিনি ছিলেন আদর্শবোধ ও অনুপ্রেরণার এক কালজয়ী উৎস।

তিনি বলেন, “আজ জাতির সামনে এসেছে এক ঐতিহাসিক সুযোগ-ব্যক্তিগত ও দলীয় হীন-ভেদবুদ্ধি, স্বার্থচিন্তা এবং সংঘাত পরিহার করে দেশপ্রেমের মহান মন্ত্রে উজ্জীবিত হয়ে সত্যিকারের অর্থবহ গণতন্ত্র এবং অর্থনৈতিক অগ্রগতির পথে এগিয়ে যাবার। সুখী, সমৃদ্ধ, স্বনির্ভর ও অগ্রসরমান সেই বাংলাদেশ গড়ে তোলাই ছিল বঙ্গবন্ধুর লালিত স্বপ্ন। এই মহান নেতার শাহাদাৎ বার্ষিকীতে আমি তাই জাতির বৃহত্তর স্বার্থে বঙ্গবন্ধুর সেই স্বপ্ন পূরণে দলমত নির্বিশেষে সবাইকে ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসার আহ্বান জানাই।